

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০৪৯.০০৯.০২.০০.০০৩.২০১৩- ১৮৪

তারিখ : ১৫/০৩/২০১৭ খ্রিঃ।

বিষয় : অনিষ্পন্ন অডিট আপত্তির সর্বশেষ অবস্থা অবহিতকরণ।

সূত্র : (ক) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ১৮৫, তারিখঃ ১৬/০৫/২০১৬ খ্রিঃ।

(খ) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ২১৫, তারিখঃ ১২ জুন ২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর বিভাগের বিভিন্ন জেলা পরিষদ কার্যালয়ের সৃষ্টিকাল/১৯৭২ হতে ৩০ জুন, ২০১৫ সন পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদের সংখ্যা ও জড়িত টাকার পরিমাণ মন্ত্রণালয়কে নির্ধারিত ছক মোতাবেক অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। তদপ্রেক্ষিতে তাঁর দপ্তর হতে সকল জেলা পরিষদের ৩০ জুন ২০১৫ পর্যন্ত অডিট আপত্তির তথ্য পাওয়া যায়। এ তথ্য হালনাগাদ করার লক্ষ্যে জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ সনের নিরীক্ষার অডিট আপত্তির তথ্য প্রয়োজন।

এমতাবস্থায়, তাঁর নিজ দপ্তরসহ তাঁর বিভাগের বিভিন্ন জেলা পরিষদ কার্যালয়ের জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত অগ্রিম ও সাধারণ আপত্তির সংখ্যা, নিষ্পত্তির সংখ্যা ও অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ও জড়িত টাকার পরিমাণ “ক ও খ” ছক মোতাবেক আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে বিশেষ বাহক মারফত এবং সফট কপি ই-মেইল নং miahmd.mukul@yahoo.com প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল। (তাঁর দপ্তর/কোন জেলা পরিষদে ২০১৫ হতে জুন ২০১৬ এর মধ্যে অডিট না হয়ে থাকলে/আপত্তি না থাকলে গুণ্য প্রতিবেদন আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে)।

ছক -“ক”

অগ্রিম :

ক্রমিক নং	পরিচালক, স্থানীয় সরকার/ জেলা পরিষদের নাম	জুলাই ২০১৫ থেকে জুন ২০১৬ সনের মধ্যে নিরীক্ষায় আপত্তির সংখ্যা	আপত্তির অনুচ্ছেদ নম্বর	স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত প্রাপ্ত সন ভিত্তিক নিষ্পত্তির সংখ্যা	২০১৫-২০১৬ সনে অনিষ্পন্ন আপত্তির সংখ্যা	জুলাই ২০১৫ থেকে জুন ২০১৬ সনের মধ্যে নিরীক্ষায় আপত্তিতে জড়িত টাকার পরিমাণ।	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

ছক “খ”

সাধারণ :

ক্রমিক নং	পরিচালক, স্থানীয় সরকার/ জেলা পরিষদের নাম	জুলাই ২০১৫ থেকে জুন ২০১৬ সনের মধ্যে নিরীক্ষায় আপত্তির সংখ্যা	আপত্তির অনুচ্ছেদ নম্বর	স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত প্রাপ্ত সন ভিত্তিক নিষ্পত্তির সংখ্যা	২০১৫-২০১৬ সনে অনিষ্পন্ন আপত্তির সংখ্যা	জুলাই ২০১৫ থেকে জুন ২০১৬ সনের মধ্যে নিরীক্ষায় আপত্তিতে জড়িত টাকার পরিমাণ।	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনার কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর
বিভাগ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।

১. বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়, কাকরাইল, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
৩. বিভাগীয় কমিশনার (সকল)।
৪. যুগ্ম সচিব (অডিট/প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
৫. মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
৯. সংরক্ষণ নথি।